লিমেরিক

সংখ্যা ১
জানুয়ারি ২০২৩

সম্পাদক ■ রমজান মাহমুদ
www.ramjanmahmud.com

লিমেরিক
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

লিমেরিক
সংখ্যা ১
জানুয়ারি ২০২৩
www.ramjanmahmud.com

লেখকক্রম

অনন্য আমিনুল
অপু বড়ুয়া
অবিনাশ আচার্য
আমিনুল ইসলাম
ইউসুফ আলী এটম
ইলিয়াস পাটোয়ারী
ইসমাত মির্যা
উৎপলকান্তি বড়ুয়া
খান কাওসার কবির
গাজী আবু হানিফ
গোলাম নবী পান্না
চন্দনকৃষ্ণ পাল
জহির ইসলাম
জ্যোতির্ময় সেন
তৌফিকুল ইসলাম চৌধুরী
বদরুল বোরহান
বিলু কবীর
মহিবুর রহিম
মালেক মাহমুদ
মোহাম্মদ রেজাউল করিম
রমজান মাহমুদ
রানা জামান
শংকর দেবনাথ
শরীফ নাফে আচ্ছাবের
শাহনাজ পারভীন
শিবুকান্তি দাশ
সুখেন্দু বিশ্বাস
সুবীর বসাক
সুমন বনিক
সৈয়দ মাজহারুল পারভেজ
সৈয়দ রোকন উদ্দিন
সোহেল আমিন বাবু
সোহেল আহমেদ পরান
হাফিজ উদ্দীন আহমদ

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

লিমেরিক
সংখ্যা ১
জানুয়ারি ২০২৩
www.ramjanmahmud.com

সম্পাদকীয়

১.

‘মেজাজটা উদ্ভট অশোভন ঠিক
ছন্দের সুরে সুরে হাসি ফিক ফিক
টসটসে রস ছেড়ে
কৌতুক খোঁচা মেরে
আমি বুঝি হয়ে গেছি ঠিক লিমেরিক।’

২.

‘লিমেরিক’ পত্রিকা হয়ে গেছে বের
দপ্তরে জমা পড়ে লেখা অনেকের।
ছাপা হলো কিছু লেখা
পরে আরো যাবে দেখা;
এইভাবে ভালোবাসা চাই সকলের।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

অনন্য আমিনুল

চলছে ঠগের চড়ুইভাতি পাতিলে জল ঢালছিল
সেই পাতিলে জোগাড় দিয়ে আমার খাওয়ার তাল ছিল
তাই তো দিলাম সওদাপাতি
আমিও হলাম খাওয়ার সাথী
খাওয়ার পরে জানতে পেলাম আমারই সব মাল ছিল।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

অপু বড়ুয়া

সেদিন নিউমার্কেটে
চোর ঢুকেছে তার কেটে
    হাতিয়ে নিয়ে মনোহারি
    পালিয়ে যেতে তাড়াতাড়ি
চোরের গেছে ঘাড় কেটে।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

অবিনাশ আচার্য

১.
প্রতিদিন বাড়ে যত যান্ত্রিক-যান
বাড়ে ততো বৈশ্বিক উষ্ণতা মান
 বরফের গলে স্তর
 বাড়ে খরা বাড়ে ঝড়
যান্ত্রিক সভ্যতা বুঝে কল্যাণ।

২.
প্রতিদিন ছোটো হয় পৃথিবীর বন
কমে যায় প্রকৃতির বাষ্পশোধন
 বাতাসে সীসার বিষ
 কার্বন দেয় শিস
ক্ষতিকর 'মিনিহোল' বাড়ায় দূষণ।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

আমিনুল ইসলাম

সংগঠনে নাই আমাদের–তবু লেখে ছড়া
বেকুব পাঠক বোঝে না তো ছড়া পেলেই পড়া
ওর গায়ে দাও সিলটা
অব্যর্থ অই ঢিলটা
দেখবে কেমন ছড়াবাজের ধুলোয় খসে পড়া!

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

ইউসুফ আলী এটম

১.
এ কথা কন সে কথা কন, কথার তো আর শেষ নেই
কথায় কথায় বাড়ছে কথা, আসল কথার লেশ নেই।
 কথা কথা কথা রে
 ঘুরিস যথা তথা রে
তোর পেছনে ছুটেই এখন উনার মাথার কেশ নেই।

২.
দাদার ছিলো চারচালা ঘর, বাবার কালে দালান
তিনি এখন পাঁচতলাতে গ্যাসের চুলো জ্বালান।
 পদোন্নতি সড়াৎ
 এইটে নাকি বরাত
কিন্তু হাবুর তিনপুরুষের একটি ডেরাই চালান ।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

ইলিয়াস পাটোয়ারী

জিপিএ পাঁচ পেয়ে নাতি পাস করেছে শুনে
দাদা বলেন, ‘ও নাতি শোন ইংরেজি মাস জুনে–
বল তো শুনি ক’দিন থাকে?’
নাতি বলে কথার ফাঁকে,
রাখো ওসব, ‘পাশ করেছি সৃজনশীলের গুণে।’

২.
বাড়ছে কেন তেলের মূল্য? কী যাদু ভাই তেলে?
কানে কানে বলবো সেটা আমার কাছে এলে।
না মারলে তেল কর্তা বাবু
হয় না খুশি, হয় না কাবু
চাকরি-বাকরি সবকিছু যে তেলেই এখন মেলে।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

ইসমাত মির্যা

১.
সলতে জ্বলে, জ্বলতে গলে মোম-
জানতে সে চায়, পাচ্ছে কি কেউ ওম?
        বিড়াল ছানা
        বলল, না না
শীত মানে না, হচ্ছে খাড়া লোম!

২.
শীতের জ্বালায় বিড়াল পালায় খুকুর লেপের তলে
খুকু তাকে খুঁজতে থাকে- ভাইয়া ডেকে বলে,
        হচ্ছে অমন শব্দ কোথায়?
        হয়তো বা ঠিক তোর বিছানায়,
শুনছি আমি, বিড়ালসোনার ঘর-ঘরা-ঘর চলে!

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

উৎপলকান্তি বড়ুয়া

নেই রে ছোট-বড় সবাই সমান তাহার কাছে
একলা চলার রীতি-নীতি নেই রে তাহার ধাঁচে
সকলে তার আপনজন
যুগিয়ে চলে সবারই মন
তবে রে তার ইচ্ছেরেই ফুল-ফলটা ধরে গাছে।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

খান কাওসার কবির

১.
মাতৃভাষা নষ্ট করার ওদের ছিল ছকতো
ভাষার জন্যে জব্বারেরা ছিল অনুরক্ত
শাসক দলের রোষানলে
বীর জনতা উঠলো জ্বলে
আনলো কেড়ে মাতৃভাষা রক্ত দিয়ে রক্ত।

২.
কৃষ্ণকালো মেঘের জন্যে মনটা থাকে কষ্ট
ভাবছি তখন জীবনটা কি এমনি হবে নষ্ট?
জমছে সাহস শক্তি প্রাণে
পড়ছি যতই ঝড়-তুফানে
কৃষ্ণকালো মেঘের ফাঁকে সূর্য দেখি ’পস্ট।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

গাজী আবু হানিফ

১.
নতুন বছর এলো ফুলে ফুলে হেসে
আনন্দে নেচে গানে খুশিতেই ভেসে
মোছে পুরাতন কিছু
ভোলে অতীত পিছু
বিশ্ববাসীর কাছে রাজা-রানির বেশে।

২.
পৌষ মাঘের শীত প্রাণে হানে ভীত
তবু রাত জেগে শুনি বাউলের গীত
পিঠাপুলির মেলা
খেজুর রসের খেলা
স্মরণ করায়ে দেয় সোনালি অতীত।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

গোলাম নবী পান্না

১.
চাচা বলেন, ভাতিজা তুই গানের আসর মাতাইস
বন্ধুরা কয়, ভালো মেয়ে পাইলে প্রেম পাতাইস।
হয় না গান, সয় না প্রেম
দুটোই বড়ো প্রোবলেম
গালে হাত, বইসা থাকি ধানমন্ডি সাতাইশ।

২.
বৃষ্টি দেখে দৃষ্টি জুড়ায় বলো কখন?
টুপ টুপা টুপ হালকা তালে গড়ায় যখন।
কিন্তু হাঁটু সমান পানি
বাড়িয়ে দিলে হয়রানি!
আগ বাড়িয়ে হয় না চলা সহজ তখন।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

চন্দনকৃষ্ণ পাল

১.
দৈর্ঘ্যে নয় প্রস্থে বাড়েন তিনি
খানা খাদ্যে প্রিয় তাহার চিনি
ভালোবাসা ভাজা পোড়ায়
রোস্ট গিলেন জোড়ায় জোড়ায়
বিজনেসম্যান, করেন বিকিকিনি।

২.
হার্টের রোগ তার, তবু চপ পুরি খায়
খাবারের ঘ্রাণ পেলে শুধু ইতিউতি চায়
কথা বলে সারাদিন
একে ওকে মারে পিন
কারো কোনো ক্ষতি হলে আনন্দে গা ভাসায়।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

লিমেরিক
সংখ্যা ১
জানুয়ারি ২০২৩
www.ramjanmahmud.com

জহির ইসলাম

আমি তারে মন দিয়েছি ক’বছর?
গতরাতে বললো ফোনে ন’বছর
এসব কি আর মানি
অন্যজনের ঘানি
জোরেশোরে টানছি এখন ছ’বছর।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

জ্যোতির্ময় সেন

আমাদের সহপাঠী আছে এক বুড়ো,
কেউ তাকে দাদা ডাকে কেউ ডাকে ‘খুড়ো’।
          দৈনিক তিনবার ভুলে
          নিমপাতা বেঁটে মাখে চুলে,
ঘনঘন নাকে টানে নস্যির গুঁড়ো।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

তৌফিকুল ইসলাম চৌধুরী

রূপসী এক জোয়ান মেয়ে আস্থাতে,
দিনদুপুরে একলা চলেন রাস্তাতে।
চলছে গাড়ি চলছে মানুষ,
জোয়ান মেয়ের নেইকো হুঁশ,
এ সুযোগে দু'চোরের চোখ পড়ল পার্সটাতে।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

বদরুল বোরহান

১.
ডাকবাক্সের আজ পাই না দেখা, উধাও হলো কই?
নিজের কাছে নিজেই আমি জিজ্ঞাসিত হই।
সঙ্গে উধাও চিঠি-পত্র
লিখতে তো চাই কয়েক ছত্র
তাই তো আমি ডাকবাক্সকে খুঁজতেছি পই পই।

২.
ডাকবাক্সটার রঙ ছিল খুব সিঁথির সিঁদুর-লাল,
লাজে রাঙা বিয়ের কনের আলতা মাখা গাল।
স্মৃতির পাতা দেয় যে নাড়া
ডাকবাক্সটার পাই না সাড়া
কোন অজানায় হারিয়ে গেছে, বলবে মহাকাল?

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

বিলু কবীর

১.
জানি না তো কেমন আছি
তবে জানি মরলে বাঁচি
এ তো যে চেষ্টা
তবুও শেষটা
আমি ও মরণ কাছাকাছি।

২.
জানি না তো কী করে তার হবো
জানি শুধু এই আমি কার হবো।
হতে পারি
যদি তারই
ছিলাম তো তার এবং তারই রবো।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

মহিবুর রহিম

১.
টিকটিকি টিক টিক
খোকা হাসে ফিক ফিক
        মৃদু হেসে খুকি কয়
        কারণটা কিছু নয়
পড়েছিলো লিমেরিক!

২.
বঙ্গজাতির রঙ্গ দেখে অবাক পঙ্গপাল
ভাবনা তাদের নতুন করে শিখতে হবে ফাল
        পঙ্গপালের এলো লাট
        কোথায় আবার, সদরঘাট
অবাক হয়ে দেখলো শুধু বাঙালি হালচাল!

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

মালেক মাহমুদ

আমজাত আলী মিয়া ব্যবসায়ী লোক
সহজাত ঠকিয়ে সে হয় বড় লোক
দোষ তাতে নাই মোটে
বলে যায় দুই ঠোঁটে
বোঝে না সে বড় গাধা বড় আহম্মক।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

মোহাম্মদ রেজাউল করিম

ঈদে গেলাম শ্বশুর বাড়ি,
চতুর্দিকে গাছের সারি,
নিথর সরোবর
কী যে মনোহর!
ক্যামনে ছাড়ি মধুর হাঁড়ি?

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

রমজান মাহমুদ

পদ্ম কুমার ডিগ্রি নিয়ে আসলো ফিরে সদ্য
অল্প দিনেই লিখলো বসে বস্তা দশেক পদ্য।
সম্পাদকের কাছে নিয়ে
সবটা হেসে দেয় এগিয়ে;
ঠিক হবে না সবটা বলা কী ঘটেছে অদ্য।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

রানা জামান

বুড়ো দাদুর সাধ হয়েছে বিয়ে করবে ফের
কনে হবে নাদুস-নুদুস যৌতুক দেবে ঢের
মেয়ে পেলেন দাদু সুশ্রী এক
স্পর্শে লাগে গায়ে অদ্ভুত ছ্যাক
বধূ হিজড়া বাসর রাতে দাদু পেলেন টের।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

শংকর দেবনাথ

বুদ্ধিজীবির সংজ্ঞাটা কী? ক'ন দেখি।
শব্দগত অর্থে আছেন ধন্দে কি?
বুদ্ধ অঙ্ক কত জি.বি?
কতটা উন্নতজীবি?
ঊর্দি কেমন? চলন-বলন ছন্দে কি?

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

শরীফ নাফে আচ্ছাবের

মাফ করে দেন দিলাম
কোলে তুলে নিলাম
লাভ কি হল
দেখবি চল
ভালই ছিল, শত্রু যখন ছিলাম।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

লিমেরিক
সংখ্যা ১
জানুয়ারি ২০২৩
www.ramjanmahmud.com

শাহনাজ পারভীন

১.
করোনায় থেমে নেই দুঃসহ সমাচার
থেমে নেই অনাগত দুর্নীতি দুরাচার
মৃত্যুরা প্রতিদিন
ধেয়ে আসে রাতদিন
তারপরও থেমে নেই মিথ্যা ও অনাচার।

২.
করোনায় কেড়ে নিলো তাজা তাজা প্রাণ
করোনায় খেলো কতো দুঃস্থের ত্রাণ।
অনাহারে কাটে দিন
কাজ নেই কত দিন!
খেটে খাওয়া ঘরে ছোটে কষ্টের ঘ্রাণ।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

লিমেরিক
সংখ্যা ১
জানুয়ারি ২০২৩
www.ramjanmahmud.com

শিবুকান্তি দাশ

শীতের মজা ভাপা পিঠে খেজুর রসে ভেজা,
ইলিশ মাছের মজা জানো কাঁটা ভরা লেজা।
কিন্তু সবাই পেটি খেতে
আনন্দেতে উঠছে মেতে
দাদি বলেন, বাড়ির সুন্দর না থাকলে 'ফেজা'।
[*ফেজা=ময়লা]

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

সুখেন্দু বিশ্বাস

তোবড়াবে গাল, কোঁচকাবে চাম বয়স যখন আশি,
ফোকলা দাঁত আর ঘোলা চোখে থাকবে মৃদু হাসি,
দুই পরানের টান
তাও হবে না ম্লান
হাত বাড়িয়ে জড়িয়ে বুকে বলবো ভালোবাসি।।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

সুবীর বসাক

মস্তকে গোলমাল মাদকের থাবাতে
নাস্তাটা খায় শুধু মিশিয়ে সে চা ভাতে
রোজ রোজ তিন বেলা
চাই তার মদ গেলা
ইদানীং আসক্ত হয় বড়ি 'বাবা'তে।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

সুমন বনিক

জোছনা রাতে কাছে ডেকে বল্লে তুমি হবে সই
চিরল দাঁতের হাসি মেখে পাকা ধানে দিলে মই
কতো কথার ফুল ফোটালে
চোখের কতো জল ঝরালে
ছলনারই ফান্দে পড়ে ছাই চাপা আগুনে রই ।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

সৈয়দ মাজহারুল পারভেজ

১.
এমনি করে বধূ তোমায় ভালোবেসে
কখনো যদি প্রিয়ে আমার মরণ এসে–
সে মরণে নেই কোন ভয়
জানি হবে প্রেমের জয়
প্রেমনদীতে বন্ধু– আমরা যাবো ভেসে।

২.
মধুর ক্যান্টিনে আড্ডার দিনগুলো মনে পড়ে?
পিঠে ঠেকিয়ে পিঠ চারুকলার পুকুরপাড়ে
সেই দিনগুলো যে এখন
স্মৃতি হয়ে করে জ্বালাতন?
বুকের ভেতরে সাজানো নস্টালজিয়া থরে থরে!

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

সৈয়দ রোকন উদ্দিন

সুখকে তুমি ছুঁইবে না কো, সুখ পালাবে দূরে
সুখ যে বড়ই লাজুক মেয়ে, ছুঁইতে গেলেই সরে।
        সুখ থাকবে ভাবনাতে
        নইলে যাবে পাবনাতে
ভাবনাতে সুখ বন্দি রেখো, সুখটা হবে কড়কড়ে।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

সোহেল আমিন বাবু

হাসি-খুশি লোকটা আর হাসে না
লোকটাকে কেউ তাই ভালোবাসে না।
গান গাওয়া আমুদে সেই লোক
ভুলে গেলো বাংলার গান ফোক
দহলিজে লোকটা আর আসে না।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

www.ramjanmahmud.com

সোহেল আহমেদ পরান

চোখের হাতে স্নিগ্ধ কোমল জুঁই
ইচ্ছে ভীষণ একটুখানি ছুঁই
হৃদয় ঘরের কোণে
স্বপ্ন সে জাল বোনে
যত্নে তারে পরানঘরে থুই।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া

হাফিজ উদ্দীন আহমদ

এই দেশ দাঁড়িয়েছে তুলে তার শির
স্বাধীনতা আনতে যে খুন হলো বীর
কতো হলো লাঞ্ছিত
মাথা হেঁট করে নি তো
গর্বে আমার তাই কাঁপছে শরীর।

সম্পাদক ■ রমজান মাহমুদ
কারুবাক, ২৮ কনকর্ড এম্পোরিয়াম শপিং কমপ্লেক্স, কাঁটাবন, ঢাকা
E-mail : limerick1812@gmail.com, WhatsApp : +8801716125738
প্রচ্ছদ ও অলঙ্করণ : গোলাম কিবরিয়া